ইত্তেফাক

তারিখ ... 10.1.83 ...
পৃষ্ঠা ... 1 ... কলাম 5 ...

007

# বিভিন্ন স্কুলে ভর্তি পরীক্ষা শুরু

(ইত্তেফাক রিপোর্ট)

গতকাল (রবিবার) রাজধানী ঢাকার বিভিন্ন স্কুলে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়। আজও (সোমবার) কোন কোন স্কুলে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হইবে। বিভিন্ন স্কুলে খুবই কম সংখ্যক আসন থাকায় হাজার হাজার ছাত্র-ছাত্রী ভর্তি পরীক্ষা দেয়। অপেক্ষাকৃত ভাল স্কুলগুলিতে ভর্তি প্রার্থীদের ভিড় ছিল বেশী। ভর্তি পরীক্ষাকালে স্কুলের গেটের বাহিরে উদ্বেগাকুল অভিভাবকের ভিড় ছিল লক্ষণীয়।

নগরীতে ছাত্র-ছাত্রীর সংখ্যা অনুপাতে উচ্চ বিদ্যালয়সমূহে আসন খুবই কম। ফলে, প্রতি বৎসরই সন্তানকে একটি ভাল

(৮ম পৃঃ ৪-এর কঃ দ্রঃ)

## ভর্তি পরীক্ষা শুরু

(১ম পৃঃ পর)

স্কুলে ভর্তির জন্য অভিভাবকরা সমস্যায় পড়েন। পাড়ায় পাড়ায় গড়িয়া উঠা কিণ্ডারগার্টেনগুলি প্রাথমিক পর্যায়ে ভর্তি সমস্যা কিছুটা লাঘব করিলেও এই সকল কিণ্ডারগার্টেন হইতে তৃতীয় বা চতুর্থ শ্রেণীতে উত্তীর্ণ হওয়ার পর হাইস্কুলে ভর্তি হইতে যাইয়া সমস্যায় পড়িতে হয়।